# উপজেলা পরিষদ
## কালিগঞ্জ, সাতক্ষীরা।
### জুলাই ২০২৩ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী
অধিবেশন নং - ০৭/২০২৩

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | সাঈদ মেহেদী<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>কালিগঞ্জ, সাতক্ষীরা |
| সভার তারিখ | ঃ | ২৬-০৭-২০২৩ খ্রিঃ |
| সময় | ঃ | সকাল ১০.৩০ মিঃ |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন, কালিগঞ্জ |

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা (উপস্থিত পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিত পরিশিষ্ট 'খ')।

সভার প্রারম্ভে উপস্থিত চেয়ারম্যানগণ ও সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ সাতক্ষীরাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানান এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও কার্যবিবরণীতে কোন সংশোধন / সংযোজন না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করা হয়।

২. বিভাগীয় আলোচনা ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা প্রকৌশল দপ্তর ঃ<br>২.(ক) উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় জানান যে, প্রতি বছর জানুয়ারি/ফেব্রুয়ারি মাসে উপজেলা উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়। এরই ধারাবাহিকতায় এবার আগে থেকেই উপজেলার বিভিন্ন ইউনিয়নের উন্নয়ন প্রকল্প দাখিল করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>সভায় আরও জানানো হয় যে, ভাড়াশিমলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সাহেব বলেন যে, ভাড়াশিমলা ইউনিয়ন পরিষদের পুরাতন ভবনটি অত্যন্ত ঝুকিপূর্ণ, যে কোন সময় ভবনটি ধ্বসে পড়তে পারে। গত ইং ২৭/০২/২০২৩ ইং তারিখে উপজেলা পরিষদ সভার ২(ক) অনুচ্ছেদে সিদ্ধান্ত মোতাবেক পুরাতন ইউনিয়ন পরিষদের ভবনটি অতিদ্রুত কন্ডেম ঘোষণা করার প্রস্তাব গৃহিত হলেও এখনো পর্যন্ত কোন কার্যক্রম পরিলক্ষিত হচ্ছে না। তাই এ বিষয়ে অতিদ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পুনরায় অনুরোধ জানান। | (১) আগামী ১৫ কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে স্ব স্ব ইউনিয়নের উন্নয়ন প্রকল্প দাখিল করার জন্য সভায় সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(২) ভাড়াশিমলা ইউনিয়ন পরিষদের পুরাতন ভবনটি অত্যন্ত ঝুকিপূর্ণ হওয়ায় কনডেম কমিটির মাধ্যমে অতিদ্রুত কনডেম ঘোষণা করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| (খ) সভায় জানান হয় যে, উপজেলা পরিষদ ভবন ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন অনেক দিন যাবৎ টুকিটাকি মেরামত ও রংকরণ করা হয় নাই। যার ফলে অফিস কক্ষের দেওয়ালের প্লাষ্টার ঝরে ঝরে পড়ছে ও রংগুলো ফ্যাকাশে হয়ে গেছে। তাই অফিস কক্ষ ও বাসভবনের প্লাষ্টারগুলো ঝরিয়ে মেরামত করা ও রং করার প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিষদ ভবন ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন টুকিটাকি মেরামত ও রংকরণের জন্য প্রাক্কলন সহ প্রয়োজনীয় কাগজপত্র আগামী সভায় উপস্থাপন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৩। মৎস্য বিভাগের কার্যক্রম ঃ<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, বিগত ২৪/০৭/২০২৩ ইং তারিখ থেকে সপ্তাহব্যাপী জাতীয় মৎস্য দিবস উৎযাপিত হচ্ছে। মৎস্য সপ্তাহ উপলক্ষ্যে উপজেলা মৎস্য বিভাগ থেকে বিভিন্ন কর্মসূচী চলমান আছে। উপজেলার বিভিন্ন জলাশয়ে মাছের পোনা অবমুক্ত করা হবে। পাশাপাশি মৎস্য ও মৎস্য পণ্য চিংড়িতে অপদ্রব্য পুশ বন্ধে অভিযান পরিচালনা করা হবে। এছাড়া আগামী বছর যারা মাটির পুকুরে গলদা চিংড়ির পোনা উৎপাদন করতে চায় তারা সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ে যোগাযোগ করলে তাদেরকে টেকনিকাল সহযোগিতা করা হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। | নিয়মিত মৎস্য ও মৎস্য পণ্য চিংড়িতে অপদ্রব্য পুশ বন্ধে অভিযান পরিচালনা করার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| ৪। স্বাস্থ্য বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, সম্প্রতি রাজধানী ঢাকা সহ সারা দেশব্যাপী ডেঙ্গুর প্রকোপ বেড়েছে। ডেঙ্গু আক্রান্তের ফলে অনেক মানুষ জ্বরে আক্রান্ত হয়ে মারা যাচ্ছে। ইদানিং এ উপজেলায় ডেঙ্গু রোগী সনাক্ত হয়েছে। তাই এ উপজেলায় বিভিন্ন ইউনিয়নের ডোবানালা, ড্রেন সহ যেসকল জায়গায় ডেঙ্গু মশার বিস্তার ঘটার সম্ভবনা রয়েছে সে সকল জায়গায় ডেঙ্গুর লার্ভা নষ্ট করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ সহ সকলকে মশারি টাঙিয়ে ঘুমানোর জন্য অনুরোধ জানান। | সকল ইউনিয়নে ডোবানালা, ড্রেন, বাড়ির চারিপাশ পরিস্কার রাখা এবং সকলকে মশারি টাঙিয়ে ঘুমানের বিষয়ে প্রতিটি ইউনিয়নে মাইকিং করার জন্য সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ,<br>৩। চেয়ারম্যান, সংশ্লিষ্ট সকল ইউনিয়ন পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৫। উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম ঃ (ক) উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, প্রণোদনা কর্মসূচির আওতায় ১২টি ইউনিয়নে ১৯০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককে বিনামূল্যে ধান বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়। পাশাপাশি ভাড়াশিমলা ইউনিয়নে ১৫০ বিঘা জমিতে সমলয় চাষাবাদের জন্য কৃষকদের মাঝে সার ও বীজ বিতরণ করা হয়েছে। এ সময় উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন, কৃষি খাদ্য শস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে যে সকল খালগুলো ইতোপূর্বে খনন করা হয়েছে সে সকল খালগুলি সহ বিশেষ করে রতনপুর ইউনিয়নের লাউতলী খাল, কলকলি খাল ও মথুরেশপুর ইউনিয়নে পাউখালী খালের মুখে রেগুলেটর সহ কয়েকটি পাইপ কালভার্ট লাগানো হয় তাহলে এসকল এলাকার প্রায় ৫ হাজার হেক্টর এক ফসলী জমি তিন ফসলী জমিতে রুপান্তরিত করা সম্ভব। যা আমাদের কালিগঞ্জের খাদ্য শস্য উৎপাদনে ব্যাপক প্রভাব ফেলবে এবং কালিগঞ্জে খাদ্য উদ্বৃত্ত করা সম্ভব হবে। এ বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | কৃষি খাদ্য শস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে যে সকল খালগুলো ইতোপূর্বে খনন করা হয়েছে সে সকল খালগুলি সহ বিশেষ করে রতনপুর ইউনিয়নে লাউতলী খাল, কলকলি খাল ও মথুরেশপুর ইউনিয়নে পাউখালী খালের মুখে রেগুলেটর সহ কয়েকটি পাইপ কালভার্ট লাগানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৬। উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, ইতোপূর্বে এ উপজেলার সকল ইউনিয়নে ভ্যাকসিন কার্যক্রম চলমান আছে। এছাড়া প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরে কমিউনিটি এক্সটেনশন এজেন্ট গণের মাধ্যমে লাগানো হবে। যে সকল ইউনিয়নে এধরনের উদ্যোগ আছে তাদেরকে উপজেলা প্রানিসম্পদ বিভাগে যোগাযোগ করার জন্য সকলকে অনুরোধ জানান। এছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| **৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের কার্যক্রম:** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ঈদ উল আযহা উপলক্ষ্যে সকল ইউনিয়নে ভিজিএফ কর্মসূচির আওতায় চাল বিতরণ করা হয়েছে। কিন্তু সকল ইউনিয়ন থেকে এখনো মাষ্টাররোল পাওয়া যায়নি। এছাড়া কালিগঞ্জ উপজেলাটি একটি দূর্যোগপ্রবণ এলাকা। দূর্যোগের সময় জেলা শহর এবং মন্ত্রণালয় থেকে বিভিন্ন মালামাল/ত্রাণ উপজেলায় আসে। কিন্তু এ সকল মালামাল/ ত্রাণ সংরক্ষণ করার মতো কোন জায়গা বা গোডাউন নেই। তাই উপজেলায় মালামাল/ ত্রাণ সামগ্রী সংরক্ষণ করার জন্য একটি গোডাউন তৈরির প্রস্তাব করেন। এ সময় উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন, এ উপজেলায় যে সকল খাল খনন করা হয়েছে সে সকল খালের উপরে ৬০-১২০ ফিট দৈর্ঘ্যর ব্রিজ নির্মাণের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (১) কালিগঞ্জ উপজেলাটি একটি দূর্যোগপ্রবণ এলাকা। দূর্যোগের সময় জেলা শহর এবং মন্ত্রণালয় থেকে বিভিন্ন মালামাল/ত্রাণ এ উপজেলায় আসে। এ সকল মালামাল/ ত্রাণ সামগ্রী সংরক্ষণ করার জন্য একটি গোডাউন নির্মাণের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।<br><br>(২) এ উপজেলায় যে সকল খাল খনন করা হয়েছে যে সকল খালের উপরে ৬০-১২০ ফিট দৈর্ঘ্যর ব্রিজ নির্মাণের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানান। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| **৮। উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম ঃ** উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হয়নি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসারকে আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| **৯। উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কর্মসূচির আওতায় ২০২৩-২৪ চক্রে জুলাই মাসে বরাদ্দ না থাকায় খাদ্য শস্যের ডিও জারি করা হয় নাই। উপজেলায় বাল্য বিবাহ প্রতিরোধ কমিটি মানব পাচার প্রতিরোধ কমিটি ও নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা নিয়মিত সম্পন্ন হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| **১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| **১১। উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম ঃ** উপজেলা সমাজসেবা অফিসার এর প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। তিনি আরো বলেন ইতোমধ্যে বয়স্ক, বিধবা ভাতার টাকা পে-রোল দেয়া হয়েছে। এছাড়া যে সকল ভাতাভোগী এখনো টাকা পাননি তাদের তথ্য উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়া বিগত অর্থবছরে উপজেলায় ৩২ জন ক্যান্সার, কিডনী, স্টোক রোগীদের প্রত্যেককে ৫০,০০০/- টাকা করে চেক বিতরণ করা হয়েছে। যে সকল ইউনিয়নে এ ধরণের দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত রোগী রয়েছে তাদেরকে নির্দিষ্ট ফর্মে বিধিবিধান অনুযায়ী উপজেলা সমাজসেবা অফিসে আবেদন করার পরামর্শ প্রদানের জন্য প্রত্যেক ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | যে সকল ভাতাভোগী এখনো টাকা পাননি তাদের তথ্য উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ১। উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ। |

| | | |
|---|---|---|
| **১২। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| **১৩। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, ইতোমধ্যে এ উপজেলার ঐতিহ্যবাহী নলতা তাঁত শিল্প সমিতিকে পাইলটিং প্রকল্পের আওতায় নিয়ে আসা হয়েছে। এরিই ধারাবাহিকতায় এ উপজেলায় আরো ৩টি সমিতিকে পাইলটিং প্রকল্পের আওতায় নিয়ে আসার জন্য কার্যক্রম চলমান আছে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিক চলছে। কোন সমস্যা নাই। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয় | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| **১৪। বন বিভাগের কার্যক্রম ঃ** কালিগঞ্জ উপজেলা বন বিভাগের ফরেস্টার জানান যে বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। এ সময় উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বলেন যে, প্রতিটি ইউনিয়নে রাস্তার পাশে যে সকল মরা গাছ আছে সেগুলো মূল্য নির্ধারণ করে প্রাক্কলন ও কাগজপত্র আগামী সভায় পেশ করার জন্য অনুরোধ জানান। এছাড়া তিনি আরো বলেন, এখন বর্ষা মৌসুম চলছে। এ সময় প্রতিটি সরকারি অফিসের আশপাশে ও ইউনিয়ন পরিষদের পরিত্যক্ত জায়গায় ঔষধী, বনজ ও ফলজ গাছ রোপনের জন্য সকল দপ্তরের প্রধান এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (ক) প্রতিটি ইউনিয়নে রাস্তার পাশে যে সকল মরা গাছ আছে সেগুলো মূল্য নির্ধারণ করে প্রাক্কলন ও কাগজপত্র আগামী সভায় পেশ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(খ) বর্ষা মৌসুমে সরকারি অফিসের আশপাশে ও ইউনিয়ন পরিষদের পরিত্যক্ত জায়গায় ঔষধী, বনজ ও ফলজ গাছ রোপনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | (১) ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, সাতক্ষীরা<br>(২) সংশ্লিষ্ট অফিস প্রধান (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(৩) সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| **১৫। উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম ঃ** উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয় | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| **১৬। উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম ঃ** উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। তিনি আরো বলেন, বিশ্বব্যাংকের অর্থায়নে "ইকোনমিক এক্সিলারেশন অ্যান্ড রেজিলিয়েন্স ফর নিট (আর্ন)" শীর্ষক এই উন্নয়ন প্রকল্পের প্রস্তাব যুব ও ক্রীড়া বিষয়ক মন্ত্রণালয় ইতোমধ্যেই পরিকল্পনা কমিশনে পাঠিয়েছে। আগামী অর্থ বছর হতে উক্ত প্রকল্পের আওতায় সারা বাংলাদেশে ২৫০টি উপজেলায় উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত হবে। উক্ত প্রকল্প এ উপজেলায় যাতে বাস্তবায়িত হয় এ বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিশ্বব্যাংকের অর্থায়নে ইকোনমিক এক্সিলারেশন অ্যান্ড রেজিলিয়েন্স ফর নিট (আর্ন) শীর্ষক এই উন্নয়ন প্রকল্প হতে এ উপজেলায় যাতে বাস্তবায়িত হয় এ বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণের জন্য সভায় সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২। উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| **১৭। উপজেলা পরিসংখ্যান বিভাগের কার্যক্রম ঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হয়নি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য জানানো হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরাকে আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| ১৮। জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম ঃ<br>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য,কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ১৯। উপজেলা খাদ্য বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিগঞ্জ, সাতক্ষীরা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হয়নি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিগঞ্জ, সাতক্ষীরাকে আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২০। উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তার কার্যক্রম ঃ<br>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা বলেন যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২১। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) ঃ<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ৬ষ্ঠ রাউন্ডের প্রাপ্ত বরাদ্দ ৪০ লক্ষ টাকা সাপেক্ষে উপজেলা পরিষদের অবকাঠামো উন্নয়ন প্রকল্প গ্রহণের নিমিত্তে আলোচনা হয় অতঃপর সর্বোচ্চ চাহিদাভিত্তিক ২টি অবকাঠামো উপ-প্রকল্প গ্রহণ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ৬ষ্ঠ রাউন্ডের নিম্নোক্ত ২টি অবকাঠামো উপ-প্রকল্প বাস্তবায়নে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(ক) কালিগঞ্জ উপজেলার ৪টি শিক্ষা প্রতিষ্ঠানে মেয়েদের জন্য স্বাস্থ্য শিক্ষা রুম (রিফ্রেশমেন্ট কর্ণার) নির্মাণ।<br>(১) কালিগঞ্জ আদর্শ মাধ্যমিক বিদ্যালয়। (২) ধুলিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়। (৩) তারালী মাধ্যমিক বিদ্যালয় (৪) শ্রীকলা মহিলা দাখিল মাদ্রাসা।<br>(খ) কালিগঞ্জ উপজেলার মথুরেশপুর ইউনিয়নের গণপতি গ্রামে জলাবদ্ধতা নিরসনে ড্রেন নির্মাণ। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>৩। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP), কর্মকর্তা, কালিগঞ্জ |
| ২২। সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি ঃ<br>(ক) সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতির ডিজিএম বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হননি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য জানানো হয়। | সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতির ডিজিএমকে কে আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২৩। উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক ঃ<br>উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক বলেন যে জুলাই-২০২৩ মাসে ৫.১৭ লক্ষ টাকা সঞ্চয় আদায় হয়েছে ঋণ বিতরণ ১৬০.০৮ লক্ষ টাকা এবং খেলাপী ঋণ ৩১% এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপককে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২৪। উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ঃ<br>উপজেলা আইসিটি সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নাই। এ সময় উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন যে, এ উপজেলার সকল বিভাগের তথ্য বিভাগীয় প্রধান ও কর্মচারীদের তথ্য হালনাগাদ করা নেই। সাধারণ মানুষ বিভিন্ন দপ্তরে যে সকল সেবা প্রদান করা হয় সম্পর্কে তারা জানতে পারে না। প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে প্রতিটি উপজেলার ওয়েব পোর্টালগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কিন্তু এ উপজেলার ওয়েব পোর্টালগুলো হালনাগাদ না থাকায় স্মার্ট বাংলাদেশ গড়ার কার্যক্রম ব্যাহত হচ্ছে। এটা অত্যন্ত দুঃখজনক। তাই আগামী ১৫ দিনের মধ্যে এ উপজেলার সকল বিভাগের তথ্যসহ শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, মন্দির গির্জার তথ্য উপাত্ত সকল বিভাগের ওয়েব পোর্টালে হালনাগাদ করার জন্য উপজেলা সহকারী প্রোগ্রামারকে নির্দেশনা প্রদান সহ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা সহকারী প্রোগ্রামারকে আগামী ১৫ দিনের মধ্যে এ উপজেলার সকল বিভাগের তথ্যসহ শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, মন্দির গির্জার তথ্য উপাত্ত এ উপজেলার ওয়েব পোর্টালে হালনাগাদ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা আইসিটি সহকারী প্রোগ্রামার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

২৫। পানি উন্নয়ন বোর্ডের কার্যক্রম ঃ

পানি উন্নয়ন বোর্ডের প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হয়নি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য জানানো হয়।

পানি উন্নয়ন বোর্ডের প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরাকে আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়।

প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কালিগঞ্জ, সাতক্ষীরা।

২৬। উপজেলা (BADC) বিভাগের কার্যক্রম ঃ

বিএডিসি বিভাগের প্রতিটি ইউনিয়নে যে সকল এলাকায় নিরাপদ খাবার পানির অগভীর/গভীর নলকূপ আছে সেই সকল এলাকা থেকে সেচ মিটার বন্ধ করা আশু প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এছাড়া কৃষি কাজে ব্যবহারের জন্য অগভীর নলকূপ স্থাপনের লাইসেন্স প্রাপ্তির নিম্নবর্ণিত কৃষকগণ আবেদন করলে লাইসেন্সের জন্য দাখিলকৃত আবেদনপত্রে উল্লেখিত স্থান সরেজমিনে পরিদর্শন করে সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এবং বাছাই কমিটির সদস্য সচিব, উপসহকারী প্রকৌশলী, বিএডিসি প্রতিবেদন দাখিল করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৯ (এস.আর.ও নং ১২৮- আইন/২০১৯)-এর ৬(১) ধারা মোতাবেক দাখিলকৃত আবেদনপত্র এবং কমিটির প্রতিবেদন বিবেচনা ক্রমে উপবিধি ৬(২) এ উল্লেখিত লাইসেন্স ফি প্রাপ্তি সাপেক্ষে বর্ণিত ব্যক্তিদের অনুকূলে নলকূপ স্থাপনের লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র নং | নাম, পিতার নাম | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | নিকাশ কান্তি রায়, পিং-কালিপদ রায় | শ্রীপুর | যোগ্য |
| ২. | মোঃ মিজানুর রহমান, পিং- | রঘুনাথপুর | যোগ্য |
| ৩. | মোঃ রেজাউল করিম, পিং-মৃত রুস্তম আলী | পারুলগাছা | যোগ্য |
| ৪. | মোঃ আব্দুর রশিদ মোড়ল, পিং-মৃত হারেস | আড়ংগাছা | যোগ্য |
| ৫. | মোঃ বাবলু হোসেন, পিং-মোঃ বরকতুল্যাহ | পাইকাড়া | যোগ্য |

(১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।
(২) সহকারী প্রকৌশলী, বিএডিসি, কালিগঞ্জ, সাতক্ষীরা।
(৩) চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ

২৭। উপজেলা আনসার ভিডিপির কার্যক্রম ঃ

উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হয়নি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য জানানো হয়।

উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরাকে আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়।

উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা।

৩.০০। বিবিধ ঃ

৩.০১। উপজেলা পরিষদের পাশ দিয়ে ভূমি দস্যুরা অবৈধভাবে দোকানপাট উত্তোলনসহ জমি দখলের তৎপরতা লক্ষ্য করা যাচ্ছে। ফলে অবৈধ স্থাপনা উচ্ছেদসহ উপজেলা পরিষদের সীমানা নির্ধারণ করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

(১) উপজেলা পরিষদের সীমানা চিহ্নিতকরণের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হয়।

| ক্রঃ নং | নাম/পদবী | কমিটি পদবী |
|---|---|---|
| ১ | সহকারী কমিশনার (ভূমি), কালিগঞ্জ, সাতক্ষীরা। | আহবায়ক |
| ২ | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা। | সদস্য |
| ৩ | সহকারী প্রকৌশলী, উপজেলা প্রকৌশলী অধিদপ্তর, কালিগঞ্জ | সদস্য |
| ৪ | সার্ভেয়ার, উপজেলা প্রকৌশলীর কার্যালয়, কালিগঞ্জ | সদস্য |
| ৫ | সার্ভেয়ার, উপজেলা ভূমি অফিস, কালিগঞ্জ | সদস্য |
| ৬ | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, বসন্তপুর ইউনিয়ন ভূমি অফিস, কালিগঞ্জ | সদস্য |

কমিটির সদস্যগণ কালিগঞ্জ উপজেলা পরিষদের সীমানা মাপ/জরিপের মাধ্যমে চিহ্নিত করে চিহ্নিত পয়েন্টগুলোতে পিলার স্থাপন করে উপজেলা পরিষদকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়।

২। উপজেলা পরিষদের সীমানা চিহ্নিতকরণের নিমিত্ত যাবতীয় ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

১। সহকারী কমিশনার (ভূমি), কালিগঞ্জ, সাতক্ষীরা।

২। উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা।

| | | |
|---|---|---|
| ৩.০২. সভায় জানানো হয় যে, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তাকে মাটির পুকুরে গলদার পোনা উৎপাদনে সাফল্য সহ বিভিন্ন ক্লাষ্টারে মৎস্য উৎপাদন ও বিভিন্ন ডিজিটাল কনটেন্ট তৈরি করে ব্যাপক সংখ্যক কৃষকদের বাস্তবভিত্তিক প্রশিক্ষণ ও প্রশিক্ষণার্থীদের মাঠ পর্যায়ে ব্যাপক উৎপাদন বাড়াতে সক্ষম হয়েছে ও উপজেলা সমাজসেবা অফিসারকে শুদ্ধাচারে এবং উপজেলা কৃষি অফিসার এ উপজেলার অনাবাদী জমিতে আবাদ করায় ব্যাপক সাফল্য, কৃষি বিভাগের নতুন নতুন উদ্ভাবনী অর্জনে সফলতা দেখিয়েছেন । এ বিষয়ে তাদেরকে ধন্যবাদ জ্ঞাপন সহ বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, উপজেলা কৃষি অফিসার ও উপজেলা সমাজসেবা অফিসারকে তাদের সফলতার স্বীকৃতিস্বরূপ উপজেলা পরিষদের মাধ্যমে সম্মাননা ক্রেস্ট প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতক্রমে গৃহিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ কালিগঞ্জ, সাতক্ষীরা। |

পরিশেষে মুজিব বর্ষের অঙ্গীকার বাস্তবায়ন, উপজেলা পরিষদ স্টান্ডিং কমিটি কার্যকর, দ্রুত পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও বাজেট বই প্রস্তুত, টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন, ইউনিয়ন ট্যাক্স ডে ঘোষণা, এসডিজি বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল কাজে স্বচ্ছতা রাখার আহবানসহ সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/০৭/২০২৩
সাঈদ মেহেদী
উপজেলা পরিষদ চেয়ারম্যান
কালিগঞ্জ, সাতক্ষীরা

স্মারক নং-০৫.৪৪.৮৭৪৭.০০০.২৪.০০৫.২৩- ৮৫৮

তারিখ : ২৬/০৭/২০২৩ খ্রিঃ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ১০৭–সাতক্ষীরা-৩/ ১০৮–সাতক্ষীরা-৪ নির্বাচনী এলাকা
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা
৫। সিভিল সার্জন, সাতক্ষীরা
৬। নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা
৭। সহকারী প্রকৌশলী, বিএডিসি ( সেচ) সাতক্ষীরা
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা
৯। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা
১০। উপজেলা ---------------------------------------- কর্মকর্তা (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
১১। অফিসার ইনচার্জ, কালিগঞ্জ, সাতক্ষীরা
১২। উপ- বিভাগীয় প্রকৌশলী, কালিগঞ্জ পওর উপ- বিভাগ, বাপাউবো, কালিগঞ্জ, সাতক্ষীরা
১৩। চেয়ারম্যান ----------------------------------- ইউপি (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
১৪। জনাব -----------------------------------------কালিগঞ্জ, সাতক্ষীরা

২৬/০৭/২০২৩
রহিমা সুলতানা বুশরা
উপজেলা নির্বাহী কর্মকর্তা
কালিগঞ্জ, সাতক্ষীরা
unokaliganj@gmail.com

২৬/০৬/২০২৩ তারিখ কালিগঞ্জ উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা

পরিশিষ্ট 'ক' উপস্থিত সদস্যবৃন্দ

| ক্রঃ নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|
| ১ | জনাব সাঈদ মেহেদী | চেয়ারম্যান, উপজেলা পরিষদ কালিগঞ্জ |
| ১ | জনাব নাজিমুল ইসলাম | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ |
| ৩ | জনাব দিপালী রাণী ঘোষ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ |
| ৪ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম | চেয়ারম্যান, বিষ্ণুপুর ইউপি |
| ৫ | জনাব আজিজুর রহমান | চেয়ারম্যান, নলতা ইউপি |
| ৬ | জনাব নাজমুল হাসান | চেয়ারম্যান, ভাড়াশিমলা ইউপি |
| ৭ | জনাব মোঃ ফেরদাউস হোড়ল | চেয়ারম্যান মৌতলা ইউপি |
| ৮ | জনাব মোঃ আব্দুল হাকিম | চেয়ারম্যান, মথুরেশপুর ইউপি |
| ৯ | জনাব গোবিন্দ চন্দ্র মন্ডল | চেয়ারম্যান, দঃ শ্রীপুর ইউপি |
| ১০ | জনাব মোঃ মোজাম্মেল হক | চেয়ারম্যান, চাম্পাফুল ইউপি |
| ১১ | জনাব শেখ আবুল কাশেম মোহাম্মদ আব্দুল্লাহ | চেয়ারম্যান, কুশুলিয়া ইউপি |
| ১২ | জনাব এনামুল হোসেন | চেয়ারম্যান, তারালি ইউপি |
| ১৩ | জনাব গাজী শওকত হোসেন পক্ষে | চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি |
| ১৪ | জনাব এম আলীম আল রাজী | চেয়ারম্যান, রতনপুর ইউপি |

| ক্রঃ নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|
| ১ | জনাব রহিমা সুলতানা বুশরা | উপজেলা নির্বাহী অফিসার |
| ২ | ডাঃ মোঃ বুলবুল কবীর | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, কালিগঞ্জ |
| ৩ | জনাব ওয়াসীম উদ্দীন পক্ষে | উপজেলা কৃষি কর্মকর্তা,কালিগঞ্জ |
| ৪ | জনাব ডাঃ উৎপল রায় | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কালিগঞ্জ |
| ৫ | জনাব মোঃ ইফতেখারউদ্দীন জোয়ার্দার | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ |
| ৬ | জনাব মোঃ নাজমুল হুদা | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালিগঞ্জ |
| ৭ | জনাব মোঃ রফিকুল ইসলাম | উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ (অঃদাঃ) |
| ৮ | জনাব ডাঃ প্রবীর কুমার মুখার্জী | উপজেলা পঃ পঃ অফিসার, কালিগঞ্জ (অঃদাঃ) |
| ৯ | জনাব মোঃ রফিকুল ইসলাম | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১০ | জনাব মোঃ সিরাজ হোসেন খান | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ |
| ১১ | জনাব অর্ণা চক্রবর্তী পক্ষে | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ |
| ১২ | জনাব মিজানুর রহমান | উপ-সহকারী প্রকৌশলী, কালিগঞ্জ |
| ১৩ | জনাব আবুল কালাম আজাদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ |
| ১৪ | জনাব এস এম আকরাম হোসেন | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ |
| ১৫ | জনাব শহিদুর রহমান | উপজেলা ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ |
| ১৬ | জনাব কনক চন্দ্র অধিকারী | উপজেলা সমন্বয়কারী (একটি বাড়ি একটি খামার) কালিগঞ্জ |
| ১৭ | জনাব আকরাম হোসেন | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ |
| ১৮ | জনাব রুদ্র কিশোর মল্লিক | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, কালিগঞ্জ |
| ১৯ | জনাব আসমাউল হুসনা (ইউডিএফ) | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ, কালিগঞ্জ |
| ২০ | জনাব মিনারা আক্তার | তথ্য সেবা, কালিগঞ্জ |

পরিশিষ্ট 'খ' অনুপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|
| ১ | জনাব সাফিয়া পারভীন | চেয়ারম্যান, কৃষ্ণনগর ইউপি |

| ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|
| ১ | জনাব আশীষ কুমার নন্দী | উপজেলা শিক্ষা অফিসার |
| ২ | জনাব এইচ এম কামরুজ্জামান | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, কালিগঞ্জ |
| ৩ | জনাব শ্মশান কুমার মন্ডল | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিগঞ্জ |
| ৪ | জনাব তন্ময় হালদার | উপ-সহকারী প্রকৌশলী, পাউবো, কালিগঞ্জ |
| ৫ | জনাব মোঃ আব্দুর রহমান | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কালিগঞ্জ |
| ৬ | জনাব অসিম মন্ডল | উপ-সহকারী প্রকৌশলী, (বিএডিসি) সেচ, সাতক্ষীরা জোন |
| ৭ | নুর ইসলাম কাগুজী | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা |